# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**02 FEBRUARY 2025** **7:45—7:55**

---

১) রাজ্যে উন্নত শিক্ষার জন্য সুদৃঢ় ভিত গড়ার লক্ষ্যে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা আজ ভার্চ্যুয়াল ব্যবস্থার মাধ্যমে ৬৭টি বিদ্যালয় ভবণের উদ্বোধন করা সহ ৬২টি নতুন বিদ্যালয় ভবণের শিলান্যাস ।

২)২০২৬-২৭ অর্থ বছরের বাজেটে আসাম সহ উত্তর-পূর্বাঞ্চলের রেল পরিকাঠামোর জন্য আগের তুলনায় পাঁচগুণ অধিক তহবিল ধার্য ।

৩) সরকারী কর্মচারীদের পারস্পরিক বদলির জন্য মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মার আজ আনুষ্ঠানিকভাবে দ্বিতীয় পর্যায়ের স্বাগত সতীর্থ পোর্টালের সূচনা ।

৪) হাইলাকান্দি জেলার ঘারমুরা সংরক্ষিত বনাঞ্চলের দামছড়া অঞ্চলে আজ বন বিভাগের উচ্ছেদ অভিযান ।

এবং

৫) ৭৯তম সন্তোষ ট্রফি জাতীয় ফুটবল প্রতিযোগিতার কোয়ার্টার ফাইনালের আগামীকালের খেলায় আসাম কেরালার মুখোমুখি ।

---

রাজ্যে উন্নত শিক্ষার জন্য সুদৃঢ় ভিত গড়ার লক্ষ্যে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা আজ ভার্চ্যুয়াল ব্যবস্থার মাধ্যমে ৬৭টি বিদ্যালয় ভবণের উদ্বোধন করা সহ ৬২টি নতুন বিদ্যালয় ভবণের শিলান্যাস করেন । সোনাপুরে এই উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী ডা: রণোজ পেগু অংশ গ্রহণ করেন । উল্লেখ্য যে ৭শো ৬৫ কোটি টাকা ব্যায় সাপেক্ষে এই বিদ্যালয়ের নতুন ভবণ সমূহ নির্মান করা হবে । ভবণগুলির

উদ্বোধন এবং শিলান্যাস কার্যসূচিতে বিধানসভা এলাকা অনুসারে বিধায়করা উপস্থিত ছিলেন । মুখ্যমন্ত্রী এই অনুষ্ঠানে অংশ গ্রহণ করার পর সাংবাদিকদের বলেন যে রাজ্যের একাংশ পুরনো বিদালয়গুলিকে নতুন ভাবে নির্মান করে পরিকাঠামো উন্নয়নের জন্য সরকার পদক্ষেপ গ্রহণ করেছে ।

(বাইট)

নতুনভাবে নির্মান করা বিদ্যালয়গুলিতে কম্পিউটার কক্ষ , স্মার্ট ক্লাসরুম , শিক্ষক-শিক্ষিকাদের জন্য বিশ্রাম কক্ষ , পরীক্ষাগার , ছাত্র-ছাত্রীদের জন্য পৃথক শৌচাগার ইত্যাদির ব্যবস্থা থাকবে । আধুনিক সুবিধাযুক্ত এই শৈক্ষিক পরিকাঠামো বিশ্বমানের জ্ঞান অন্বেষণের যাত্রায় রাজ্যের শিক্ষার্থিরা উপকৃত হবে বলে তিনি আশা প্রকাশ করেন ।

---------------------------------------------------------------------------------------

এদিকে শিলচর অধঁরচান্দ উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে বিধায়ক দীপায়ন চক্রবর্তী এবং পি সি বড়জালেঙ্গায় বরাক উপত্যকা উন্নয়ন বিভাগের মন্ত্রী কৌশিক রাই নতুন ভবনের দ্বারোদঘাটন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন । এ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্টানে বক্তব্য রাখতে গিয়ে তারা বলেন যে বর্তমান সরকার শিক্ষার উন্নয়নে এবং শিক্ষা ক্ষেত্রের পরিকাঠামো উন্নয়নে বিশেষ গুরুত্ব আরোপ করছে । এছাড়া সরকারী শিক্ষা প্রতিষ্ঠানগুলি বর্তমানে উন্নত পরিকাঠামো ও অনাময় ব্যবস্থার পরিবর্তনের মধ্য দিয়ে চলছে বলেও তারা উল্লেখ করেন ।

---------------------------------------------------------------------------------------

দেশে ৭ লক্ষেরও অধিক ছাত্রীকে কস্তুরবা গান্ধী বালিকা বিদ্যালয়ে নামভর্তি করানো হয়েছে বলে  কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে জানানো হয়েছে । লোকসভায় এক পরিপূরক প্রশ্নের উত্তরে কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধান একথা জানিয়ে বলেন যে নামভর্তি করা ছাত্রীদের মধ্যে ২ লক্ষেরও অধিক ছাত্রী অনুসূচীত জাতির এবং ১ লক্ষ ৭৭ হাজার ছাত্রী অনসূচিত জনজাতির অর্ন্তভুক্ত ।  একইভাবে অন্যান্য অনগ্রসর শ্রেণীর ২ লক্ষ ৬৪ হাজার ছাত্রী রয়েছে । উল্লেখ্য ২০০৪ সালের জুলাইয়ে আরম্ভ করা কস্তুরবা গান্ধী বালিকা বিদ্যালয় প্রকল্পের মাধ্যমে অনুসূচিত জাতি , অনুসূচিত জনজাতি এবং অন্যান্য অনগ্রসর শ্রেণীর ছাত্রীদের জন্য প্রাথমিক পর্যায়ে আবাসিক বিদ্যালয় স্থাপনের ব্যাবস্থা করা হয়েছিলো । এরদ্বারা উপযুক্ত সুযোগ সুবিধা থেকে বঞ্চিত পরিবারের মেয়েদের নিশ্চিতভাবে মান সম্পন্ন শিক্ষা প্রদানের লক্ষ্য গ্রহণ করা হয়েছিলো । শিক্ষামন্ত্রী বলেন যে বিদ্যালয়ে ছাত্রীর নামভর্তির অনুপাত আগের থেকে বৃদ্ধি পেয়েছে এবং এটি শুভ ঈঙ্গিত । কেন্দ্রীয় সরকার  কন্যা শিশুর সবলীকরণের জন্য তাঁদের

উপযুক্ত শিক্ষা প্রদানের জন্য প্রতিশ্রুতিবদ্ধ বলেও মন্ত্রী উল্লেখ করেন । শ্রী প্রধান বলেন যে ২০২৬-২৭ বর্ষের কেন্দ্রীয় বাজেটে দেশের প্রতিটি জেলায় ছাত্রী নিবাস স্থাপনে জন্য প্রস্তাব দেওয়া হয়েছে ।

---------------------------------------------------------------------------------------------------

সংসদের উভয় কক্ষে আজ রাষ্ট্রপতির ভাষণের ধন্যবাদসূচক প্রস্তাব নিয়ে আলোচনা অনুষ্ঠিত হয় । কেন্দ্রীয় মন্ত্রী তথা বি জে পি সাংসদ সর্বানন্দ সনোয়াল লোকসভায় এই প্রস্তাব উত্থাপন করে রাষ্ট্রপতির ভাষণকে প্রনিধানযোগ্য বলে অভিহিত করা সহ এই ভাষণ দেশের ভবিষ্যৎ সম্পর্কে উৎসাহজনক বলে উল্লেখ করেন । তিনি বলেন যে এই ভাষণ সরকারের সামাজিক ন্যায়ের দৃষ্টিভঙ্গী , সর্বাত্মক বিকাশ এবং বিকশিত ভারতের প্রতি দ্বায়বদ্ধতাকে প্রতিফলিত করেছে । শ্রী সনোয়াল বলেন যে ২০১৪ সালে নরেন্দ্র মোদী নেতৃত্বাধীন সরকার দেশের শাসনভার গ্রহণ করার পর থেকে দেশ দ্রুত বিকাশ এবং সর্বাত্মক প্রগতির পথে অগ্রসর হয়েছে । সরকারের কল্যানমূলক প্রকল্পের পরিপ্রেক্ষিতে ২৫ কোটি লোক দরিদ্রতার কবল থেকে মুক্ত হয়েছে বলেও তিনি উল্লেখ করেন ।

এর আগে সংসদ ভবণ প্রাঙ্গনে সাংবাদিকদের সঙ্গে কথা বলার সময় কেন্দ্রীয় সংসদীয় পরিক্রমা বিভাগের মন্ত্রী কিরেন রিজিজু বলেন যে এই আলোচনার জন্য প্রায় ১৮ ঘন্টা সময় নির্ধারণ করা হয়েছে এবং ভারতীয় জনতা পার্টীর চার থাকে পাঁচ জন সাংসদ এই আলোচনায় অংশগ্রহণ করবেন ।

---------------------------------------------------------------------------------------------------

সংসদে গতকাল দাখিল করা কেন্দ্রীয় বাজেটে রেল বিভাগের জন্য বন্টন করা অনুদান সম্পর্কে আজ উত্তর-পূর্ব সীমান্ত রেলওয়ের জ্যানারেল ম্যানেজার চেতন কুমার শ্রীবাস্তব একটি সাংবাদিক সম্মেলন সম্বোধন করেন । তিনি বলেন যে এই বাজেটে আসাম সহ উত্তর-পূর্বাঞ্চলের রাজ্যগুলির রেল পরিকাঠামোর জন্য আগের চেয়ে ৫ গুন বেশি তহবিল ধার্য করা হয়েছে । তিনি আরো বলেন যে ২০০৯ সাল থেকে ২০১৪ সালের মধ্যে এই অঞ্চলের জন্য বার্ষিক রেল বাজেটের পরিমান ছিল ২ হাজার ১শো ২২ কোটি টাকা । এবারের বাজেটে এই পরিমান ১১ হাজার ৪শো ৮৬ কোটি টাকা পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে । এছাড়াও সমগ্র উত্তর-পূর্বাঞ্চলে ৭২ হাজার কোটি টাকার রেল প্রকল্পের কাজ অব্যাহত রয়েছে বলেও তিনি উল্লেখ করেন ।

---------------------------------------------------------------------------------------------------

সরকারী কর্মচারীদের পারস্পরিক বদলির জন্য মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা আজ আনুষ্ঠানিকভাবে দ্বিতীয় পর্যায়ের স্বাগত সতীর্থ পোর্টালের সূচনা করেছেন । তৃতীয় এবং

চতুর্থ শ্রেনীর কর্মচারীরা এই পোর্টালের মাধ্যমে পারস্পরিক বদলির জন্য আবেদন করতে পারবেন । এই পোর্টাল সূচনা করার ফলে ডিজিট্যাল প্রশাসন ব্যবস্থা অধিক কার্যকর হওয়া সহ সরকারী কর্মাচারীদের বদলি প্রক্রিয়া আগের চেয়ে অধিক স্বচ্ছ হবে বলে মুখ্যমন্ত্রী উল্লেখ করেছেন ।

-----------------------------------------------------------------------------------------

ডিমা হাসাও জেলা প্রশাসনের উদ্যোগে আজ জেলার প্রতিষ্ঠা দিবস পালন করা হয়েছে । প্রতিষ্ঠা দিবস উপলক্ষ্যে সকালে একটি শোভাযাত্রা বের হয়ে হাফলং শহর পরিক্রমা করে । উত্তর কাছাড় পার্বত্য স্বশাসিত পরিষদের মূখ্য কার্য্যবাহী সদস্য সহ জেলা প্রশাসনের শীর্ষ আধিকারীক , জন প্রতিনিধি এবং জনসাধারন প্রতিষ্ঠা দিবসের কার্য্যসূচীতে অংশগ্রহন করেন । পরে জেলার ঐতিহ্য ও পরম্পরাগত নৃত্য , সঙ্গীত পরিবেশন করা হয় ।

-----------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলার ঘারমুরা সংরক্ষিত বনাঞ্চলের দামছড়া অঞ্চলে আজ বন বিভাগ উচ্ছেদ অভিযান চালায় । ওই অঞ্চলের ২ হাজার ৮শো বিঘা জমিতে উচ্ছেদ অভীযান চালানো হবে । প্রশাসন প্রথম পর্যায়ে ৫ , ৬ এবং ৭ নম্বর সেক্টরে উচ্ছদ অভিযান শুরু করেছে । আজকের অভিযানে প্রশাসন ১শো ৫০টি পরিবারকে উচ্ছেদ করেছে । উল্লেখ্য বনাঞ্চলের জমি অবৈধভাবে দখল করে থাকা মোট ৫শো ২০টি পরিবারকে প্রশাসনের পক্ষ থেকে উচ্ছেদের জন্য নোটিশ জারী করা হয়েছে । উচ্ছেদের সময় অপ্রীতিকর পরিস্থিতির সৃষ্টি হলে তা প্রতিহত করতে ওই অঞ্চলে ভারতীয় ন্যায় সংহিতার ১শো ৬৩ ধারা জারী করা সহ প্রচুর সংখ্যক নিরাপত্তা বাহিনীর জোওয়ান মোতায়ন করা হয়েছে । প্রশাসন সূত্রে জানানো হয়েছে যে উচ্ছেদ অভিযান আগামীকালও অব্যাহত থাকবে ।

-----------------------------------------------------------------------------------------

রাজ্য সরকারের বিনামূল্যে সাইকেল বিতরণ প্রকল্পের অধীনে শ্রীভূমি জেলার পাথারকান্দি বিধানসভা কেন্দ্রের অর্ন্তগত পাথারকান্দি মডেল হায়ার সেকেন্ডারী স্কুলে আজ নবম শ্রেণীর ১৭৫ জন শিক্ষার্থীর হাতে নতুন সাইকেল তুলে দেন রাজ্যের মন্ত্রী কৃষ্ণেন্দু পাল । এ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে মন্ত্রী বলেন যে বর্তমান সরকার ছাত্র ছাত্রীদের উজ্জ্বল ভবিষ্যত গড়ার লক্ষ্যে দৃঢ় সংকল্পবদ্ধ । সাইকেল শুধু যাতায়াতের সুবিধা দেয় না , শিক্ষার্থীদের স্বাবলম্বী হবার পথে এগিয়ে যেতে অনুপ্রেরণা যোগাবে বলে উল্লেখ করে তিনি যাতায়াতের সুযোগ বৃদ্ধি এবং

উচ্চশিক্ষার প্রতি আগ্রহ বৃদ্ধি করার উদ্দেশ্যে মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মার উদ্যোগে এই শিক্ষাবান্ধব প্রকল্প গ্রহণ করা হয়েছে বলে জানান ।

--------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলার আছিমগঞ্জের মৈনা এলাকায় আগামীকাল থেকে বরাক ভ্যালী ইছতেমা শুরু হচ্ছে । আমাদের শ্রীভূমি জেলার সংবাদদাতা জানিয়েছেন যে ইছতেমা উপলক্ষ্যে ইতিমধ্যে প্রস্তুতি চূড়ান্ত করা হয়েছে । ইছতেমা ময়দানে প্যান্ডেল, অস্থায়ী থাকার ব্যবস্থা , বিশুদ্ধ পানীয় জল , শৌচাগার , চিকিৎসা পরিষেবার সুব্যবস্থা করা হয়েছে । পাশাপাশি আইন-শৃংখলা রক্ষায় পুলিশ প্রশাসনের সঙ্গে স্বেচ্ছাসেবক দলও দায়িত্বে থাকবে । তিন দিনব্যাপী এই ধর্মীয় সমাবেশে বরাক উপত্যকা ছাড়াও রাজ্যের বিভিন্ন প্রান্ত ও পার্শ্ববর্তী রাজ্য থেকেও ইসলাম ধর্মাবলম্বীরা অংশগ্রহন করবেন । ইছতেমা উপলক্ষ্যে বিশেষ দোয়া, মোনাজাত ,ইসলামী বয়ান ও ধর্মীয় আলোচনা সভার আয়োজন করা হয়েছে ।

--------------------------------------------------------------------------------

গত কিছু দিন থেকে বাংলাদেশে ধর্মীয় সংখ্যালঘুদের ওপর হয়রানির ঘটনা সম্পর্কে উদ্বেগ প্রকাশ করে অবিলম্বে তা বন্ধ করার দাবী জানিয়ে নাগরিক অধিকার রক্ষা কমিটির এক প্রতিনিধি দল গৌহাটিতে নিযুক্ত বাংলাদেশের সহকারী হাইকমিশনারের সঙ্গে সাক্ষাৎ করে একটি স্মারক পত্র প্রদান করে । সহকারী হাইকমিশনার জিকিরুল হাসান ফাহাদ প্রতিনিধিদলকে জানান যে প্রতিটি ঘটনার ক্ষেত্রে বাংলাদেশ সরকার দোষীদের সনাক্ত করে গ্রেপ্তার করেছে এবং তাদের আইনের আওতায় আনা হয়েছে ।

--------------------------------------------------------------------------------

মূখ্যমন্ত্রীর একটি কলি-দুটি পাতা প্রকল্পে আজ মণিয়ারখাল চা বাগানের শ্রমিকদের মধ্যে পাঁচ হাজার টাকা করে বিতরন করা হয়েছে । মণিয়ারখাল চা বাগানের নাচঘরে আয়োজিত অনুষ্ঠানে ধলাই সমজেলার সহকারী আয়ুক্ত দীক্ষা সরকার , বাগান ম্যানেজার মনোজ কুমার সিনহা , বাগান পঞ্চায়েত অজিত কাহার , বিজেপির কাছাড় জেলা সম্পাদক পরেশ তাঁতি প্রমূখ উপস্থিত ছিলেন ।

--------------------------------------------------------------------------------

লায়ন্স ক্লাব অব শিলচর সেন্ট্রালের উদ্যোগে এবং দেওয়ান চা বাগান কর্তৃপক্ষের ব্যবস্থাপনায় আগামী বুধবার দেওয়ান চা বাগান হাসপাতালে বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির অনুষ্ঠিত হবে । শিবিরটি সকাল ১০টায় শুরু হবে ।

--------------------------------------------------------------------------------

৭৯ তম সন্তোষ ট্রফী জাতীয় ফুটবল প্রতিযোগিতার কোয়ার্টার ফাইনাল খেলাগুলি আগামীকাল থেকে চিলাপাথার ও ঢকুয়াখানায় অনুষ্ঠিত হবে । প্রতিযোগিতার গ্রুপ বি পর্যায়ের গতকাল শেষ খেলায় সার্ভিসেস দল কেরালাকে ১-০ গোলের ব্যাবধানে পরাজিত করে । এই জয়ের ফলে সার্ভিসেস দল প্রতিযোগীতায় ৬ পয়েন্ট লাভ করে গ্রুপ বি র কোয়ার্টার ফাইনালে নিজেদের স্থান নিশ্চিত করেছে । চিলাপাথারে আগামীকাল সকাল ৯ টায় তামিলনাডু ও পাঞ্জাবের মধ্যে খেলা হবে এবং দুপুর দুটোয় দিনের দ্বিতীয় খেলায় আসাম ও কেরালা পরস্পরের বিরুদ্ধে অবতীর্ণ হবে ।

---